

আল্লাহর শপথ-১

আসসালামুয়ালাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রাহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে পবিত্র কোরআনে বর্ণিত “আল্লাহর শপথ”
আল্লাহ নিজের সত্তার শপথ করেছেন। তাঁর সৃষ্টির বিভিন্ন বস্তুর শপথ করেছেন।

এ সমস্ত শপথের পর যে মূল বিষয়গুলো উল্লেখ করেছেন সেগুলো হচ্ছে ১)
আল্লাহর একত্ববাদ Monotheism ২)পবিত্র কোরআন আল্লাহর নাযিলকৃত বাণী
Divine revelation ৩)রসুল প্রেরণের সত্যতা Authenticity of Prophet ৪)বিচারের
দিনের সংঘটন অবশ্যস্বাবী Add weight to the reality of reckoning ৫)মানুষের
অবস্থা বর্ণনা Emphasise the state of man ইত্যাদি।

আল্লাহ তাঁর নিজের সত্তার উপর শপথ করে বলেছেন
পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে সুরাঃ নিসা

১)তোমার প্রভুর নামে শপথ ,এরা কখনো ঈমানদার হতে পারবে না, যতক্ষণ না
তারা তাদের পারস্পরিক বিবাদ বিসংবাদ তোমাকে হাকিম নিযুক্ত না করে।

সুরা ৪ নিসাঃ আয়াতঃ ৬৫

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّىٰ يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا

يَجِدُوا فِي أَنفُسِهِمْ حَرَجًا مِّمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا ﴿٦٥﴾

অতএব তোমার প্রতিপালকের শপথ! তারা কখনো বিশ্বাস স্থাপনকারী হতে পারবে না, যে পর্যন্ত তোমাকে তাদের আভ্যন্তরীণ বিরোধের বিচারক হিসেবে মেনে না নিবে, তৎপর তুমি যে বিচার করবে তা দ্বিধাহীন অন্তরে গ্রহণ না করবে এবং ওটা শান্তভাবে পরিগ্রহণ না করবে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা ইউনুস

২) (হে নবী) তোমার কাছে জানতে চায় সেটা(পুনরুত্থান দিবস) কি সত্য? বলো ,হ্যাঁ আমার প্রভুর শপথ সেটা অবশ্যই সত্য। তোমরা সেটা ঠেকাতে পারবে না।

সুরা ১০ ইউনুস, আয়াতঃ ৫৩

وَيَسْتَنبِئُونَكَ أَحَقُّ هُوَ قُلْ إِي وَرَبِّي إِنَّهُ لَحَقٌّ وَمَا أَنْتُمْ

بِمُعْجِزِينَ ﴿٥٣﴾

তারা তোমাকে জিজ্ঞেস করেঃ ওটা (শাস্তি) কি যথার্থ বিষয়?তুমি বলে দাওঃ হ্যাঁ আমার প্রতিপালকের কসম। ওটা নিশ্চিত সত্য; আর তোমরা কিছুতেই আল্লাহকে অপারগ করতে পারবে না।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আল হিজর

৩) তোমার প্রভুর শপথ, আমি অবশ্যই তাদের সবাইকে জিজ্ঞাসাবাদ করব।

সুরা ১৫ আল হিজর, আয়াতঃ ৯২,৯৩

فَوَرَبِّكَ لَنَسْأَلَنَّهُمْ أَجْمَعِينَ ﴿٩٢﴾

সুতরাং তোমার প্রতিপালকের শপথ! আমি তাদের সকলকে প্রশ্ন করবোই,

عَمَّا كَانُوا يَعْمَلُونَ ﴿٩٣﴾

সেই বিষয়ে যা তারা করতো।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা মারিয়াম

৪)তোমার প্রভুর শপথ, আমি অবশ্যই তাদেরকে ও শয়তানদেরকে হাশর(একত্রিত) করবো।

সুরা ১৯ মারিয়াম, আয়াতঃ ৬৮

فَوَرَبِّكَ لَنَحْشُرَنَّهُمْ وَالشَّيْطِينَ ثُمَّ لَنُحْضِرَنَّهُمْ حَوْلَ جَهَنَّمَ

جِثِّيَا ﴿٦٨﴾

সুতরাং শপথ তোমার প্রতিপালকের! আমি তো তাদেরকেও শয়তানদেরকে সমবেত করবোই পরে আমি তাদেরকে নতজানু অবস্থায় জাহান্নামে চতুর্দিকে উপস্থিত করবই।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ আল যারিয়াত

৫) আকাশ ও পৃথিবীর প্রভুর শপথ, তোমাদের পারস্পরিক কথাবার্তার মতোই এ (কোরআন) এক মহাসত্য।

সুরা আল ৫১ যারিয়াত, আয়াতঃ ২৩

فَوَرَبِّ السَّمَاءِ وَالْأَرْضِ إِنَّهُ لَحَقُّ مِثْلَ مَا أَنْكُمْ تَنْطِقُونَ ﴿٢٣﴾

আকাশ ও পৃথিবীর প্রতিপালকের শপথ! অবশ্যই একথা তোমাদের কথোপকথনের মতই সত্য।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আত তাগাবুন

৬) কাফেররা ধারণা করছে, তাদেরকে কখনো পুনরুত্থিত করা হবে না। তুমি বলো, আমার প্রভুর শপথ, হ্যাঁ, অবশ্যই (পুনরুত্থিত করা হবে)।

সূরা ৬৪ আত তাগাবুন, আয়াতঃ ৭

زَعَمَ الَّذِينَ كَفَرُوا أَنْ لَنْ يُبْعَثُوا ۗ قُلْ بَلَىٰ وَرَبِّي لَتُبْعَثُنَّ ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلْتُمْ ۗ وَذٰلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ﴿٧﴾

কাফিররা ধারণা করে যে, তারা কখনো পুনরুত্থিত হবে না। বলঃ নিশ্চয়ই হবে, তোমার প্রতিপালকের শপথ! তোমরা অবশ্যই পুনরুত্থিত হবে। অতঃপর তোমরা যা করতে তোমাদেরকে সে সশব্দে অবশ্যই অবহিত করা হবে। এটা আল্লাহর পক্ষে অতি সহজ।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সূরা আল মা'আরিজ

৭) না, আমি উদয়াচল এবং অস্তাচল সমূহের প্রভুর কসম খেয়ে বলছি অবশ্যই আমি সক্ষম।

সূরা ৭০ আল মা'আরিজ, আয়াতঃ ৪০,৪১

فَلَا أُقْسِمُ بِرَبِّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ إِنَّا لَقَدِيرُونَ ﴿٤٠﴾

আমি শপথ করছি উদয়াচল ও অস্তাচলের প্রভুর- নিশ্চয়ই আমি সক্ষম।

عَلَىٰ أَنْ نُبَدِّلَ خَيْرًا مِنْهُمْ ۗ وَمَا نَحْنُ بِمَسْبُوقِينَ ﴿٤١﴾

আমি তাদের অপেক্ষা উৎকৃষ্টতর মানবগোষ্ঠীকে তাদের স্থলবর্তী করতে আমাকে পেছনে ফেলে যাওয়ার মতো কেউ নেই।

প্রিয় ভাই ও বোনেরা, আল্লাহ তাঁর নিজের সত্তার কসম খেয়ে ৭টি আয়াতে যে কথাগুলো বলেছেন সেগুলো আমরা অনুধাবন করে আমাদের আ'মল সহীহ করে নেই এবং আখেরাতের অনন্ত জীবনের পাথেও সংগ্রহ করি।

আমীন ।

আসসালামুয়ালাইকুম ওয়ারহমতুল্লাহি ওয়া বারাকাতুহ।

..... |